

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৫ম বৈঠকে

প্রেসরিলিজ

ঢাকা, ২৬ সেপ্টেম্বর ২০১৯

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ এমপি বলেন, বৈদেশিক কর্মসংস্থানে হয়রানি, প্রতারণা ও ঝুঁকি এড়াতে এবং সচেতনতা বৃদ্ধি করতে তৃণমূল পর্যায়ের জনপ্রতিনিধি পর্যন্ত পত্র দেওয়া হচ্ছে। তিনি আরো বলেন, সরকারে সাফল্যের অগ্রযাত্রা অব্যাহত রাখতে এবং প্রবাসী কর্মীদের সর্বোচ্চ সেবা প্রদানে মন্ত্রণালয় সদা সচেতন।

আজ বিকাল তিনটায় জাতীয় সংসদ ভবনের পশ্চিম ব্লকের ২য় লেভেলে অবস্থিত ১ নং কমিটি কক্ষে অনুষ্ঠিত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ৫ম বৈঠকে তিনি একথা বলেন। এতে সভাপতিত্ব করেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ, এমপি।

বৈঠকে সদস্যরা প্রবাসী কর্মীরা যাতে প্রাপ্য সুযোগ-সুবিধা সঠিক সময়ে পায় সে ব্যাপারে বিস্তারিত আলোচনা করেন। এছাড়াও তাঁরা বিদেশে অবস্থানরত বাংলাদেশি কর্মীদের নিরাপত্তা ও সেবা নিশ্চিত করতে লেবার উইংয়ের জনবল বৃদ্ধিসহ প্রয়োজনীয় করণীয় নিয়ে আলোচনা করেন। অবৈধ অভিবাসনকে নিরুৎসাহিত করতে ব্যাপক প্রচার-প্রচারণামূলক কার্যক্রম পরিচালনা করতে এবং বিমানবন্দরে নারী কর্মীরা যাতে সঠিক সেবা পায় সেদিকে লক্ষ্য রাখার উপর তারা গুরুত্ব প্রদান করেন।

বৈঠকের শুরুতে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের কার্যক্রম নিয়ে এর মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি একটি সংক্ষিপ্ত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রদান করেন।

এতে আরো উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সদস্য অধ্যাপক আলী আশরাফ এমপি, মোয়াজ্জেম হোসেন রতন এমপি, মৃগাল কান্তি দাস এমপি, পংকজ নাথ এমপি, সাদেক খান এমপি, আয়েশা ফেরদৌস এমপি এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিবের রৌনক জাহান, বিএমইটির মহাপরিচালক মোঃ সেলিম রেজা, বোয়েসেলের ব্যবস্থাপনা পরিচালক মরন কুমার চক্রবর্তী, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ নাজীবুল ইসলাম, প্রবাসী কল্যাণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মাহতাব জাবীন প্রমুখ।

